গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ কোস্ট গার্ড
আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর
ঢাকা-১২০৭

# নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-৪৪.০৮.২৬৮০.১০০.৪২.০৪২.২০.৭৬ — তারিখঃ ১৩ ডিসেম্বর ২০২০

বাংলাদেশ কোস্ট গার্ডে নিম্নলিখিত ড্রাইভার এর শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হইতে নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাইতেছে ঃ

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (২০১৫ সালের জাতীয় বেতন স্কেল অনুযায়ী) | সর্বোচ্চ বয়স | শিক্ষাগত/অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন না |
|---|---|---|---|---|---|---|
| (ক) | (খ) | (গ) | (ঘ) | (ঙ) | (চ) | (ছ) |
| ১। | গাড়িচালক (গ্রেড-১৫) | ৬৭টি | বেতন স্কেলঃ ৯৭০০-২৩৪৯০/= (তৎসহ প্রচলিত ভাতাদি) | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ড্রাইভিং লাইসেন্সঃ ভারী গাড়ি চালনার বৈধ ভারী ড্রাইভিং লাইসেন্স প্রাপ্ত;<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন। | ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, নড়াইল, বাগেরহাট, বরিশাল, ঝালকাঠি, পটুয়াখালী এবং ফেনী<br>(উল্লেখ্য, শারীরিক প্রতিবন্ধী এবং এতিম প্রার্থীগণ সকল জেলা হইতে আবেদন করিতে পারিবেন) |

*শর্তাবলি ঃ*

১। আবেদনকারীকে নির্ধারিত আবেদনপত্রের ছক A4 সাইজে প্রিন্টকরতঃ ছকের খালিঘর স্বহস্তে পূরণ করিয়া আগামী ০২ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে/সরাসরি মহাপরিচালক, সদর দপ্তর, বাংলাদেশ কোস্ট গার্ড, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর পৌছাইতে হইবে। উল্লেখ্য, নির্ধারিত আবেদন ফরম বাংলাদেশ কোস্ট গার্ড ওয়েবসাইট **www.coastguard.gov.bd** তে পাওয়া যাইবে।

২। ৩১/১২/২০২০ তারিখে সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স সর্বনিম্ন ১৮ বৎসর হইতে সর্বোচ্চ ৩০ বৎসরের (বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যাসহ) মধ্যে হইতে হইবে। তবে বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সের উচ্চসীমা ৩২ (বত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে কোনও প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না।

৩। শূন্য পদ পূরণে কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হইবে।

৪। আবেদনপত্রের সাথে প্রার্থীগণকে সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট এবং ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি সংযুক্ত করিতে হইবে।

৫। আবেদনপত্রের সাথে ১০০/= (টাকা একশত মাত্র) টাকা শুধুমাত্র *ট্রেজারি চালানের মাধ্যমে (কোড নং ১/২২৭১/০০০০/২০৩১) জমাপূর্বক উহার মূলকপি সংযুক্ত করিতে হইবে।* ট্রেজারি চালানের কপি ব্যতীত আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য করা হইবে।

৬। আবেদনপত্রের সাথে টাকা ১০/= (টাকা দশ মাত্র) মূল্যের ডাকটিকেটসহ নিজ ঠিকানা সংবলিত ৯"×৪" সাইজের একটি অব্যবহৃত ফেরৎ খাম সংযুক্ত করিতে হইবে।

৭। বিআরটিএ কর্তৃক প্রদত্ত ভারী যানবাহন চালনার বৈধ লাইসেন্স, শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ, নাগরিকত্বের সনদপত্র, অভিজ্ঞতার প্রত্যয়নপত্র (যদি থাকে) এবং অন্যান্য সনদপত্র (যদি থাকে) এর সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে দাখিল করিতে হইবে। উল্লিখিত কাগজপত্রের মূলকপি যাচাইয়ের জন্য মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করিতে হইবে। উল্লেখ্য, ব্যবহারিক পরীক্ষার সময় ভারী যানবাহন চালনার বৈধ লাইসেন্স (মূলকপি) অবশ্যই প্রদর্শন করিতে হইবে।

৮। সরকার নির্ধারিত বিশেষ কোটার চাকুরী প্রার্থীকে ঐ কোটায় চাকুরীর যোগ্যতা সংক্রান্ত সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

৯। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হইলে এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট/সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করিতে হইবে। মুক্তিযোদ্ধা কোটায় (বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং পুত্র/কন্যার পুত্র/কন্যা) আবেদনকারীদের মুক্তিযোদ্ধার জন্য তারিখের প্রত্যয়নপত্র, মুক্তিযোদ্ধার মুক্তিবার্তা নম্বর, মুক্তিযোদ্ধার গেজেট নম্বর, সনদ নম্বর এবং সংশ্লিষ্ট দলিলাদির প্রমাণক কাগজপত্রসহ পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ক্ষেত্রে যথাযথ সম্পর্কীয় প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করিতে হইবে।

১০। চূড়ান্ত নিয়োগের পূর্বে প্রার্থীগণকে ক্রমানুসারে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। অর্থাৎ লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীগণ ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় কৃতকার্য প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন।

১১। পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র সম্পর্কে প্রবেশ পত্রের মাধ্যমে জানিয়ে দেওয়া হইবে।

১২। চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করিতে হইবে।

১৩। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোনও আবেদনপত্র গ্রহণ করা হইবে না এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

১৪। নিয়োগ বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহার ও সংশোধনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করিবেন।

১৫। নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৬। লিখিত/ ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনও প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১৭। নির্বাচিত প্রার্থীগণ কোস্ট গার্ডের যেকোন অঞ্চল (জোন)/ঘাঁটিতে চাকুরী করিতে বাধ্য থাকিবেন।

১৮। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

১৯। নিয়োগ চলাকালীন বা তৎপরবর্তীতে প্রার্থীদের প্রদানকৃত কোনও প্রকার কাগজপত্রাদি (ড্রাইভিং লাইসেন্স/শিক্ষাগত যোগ্যতার সনদ/জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ/বীর মুক্তিযোদ্ধা সনদ ইত্যাদি) জাল বা ভুয়া প্রমাণিত হইলে তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ নিয়োগ বাতিল করা হইবে।

- *নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রতারকচক্রের সহিত কোনও প্রকার যোগাযোগ অথবা আর্থিক লেনদেন হইতে বিরত থাকিবার জন্য সকলকে **বিশেষভাবে অনুরোধ** করা হইল।*

- *অসামরিক জনবল (ড্রাইভার) নিয়োগের নিমিত্ত গত ২৬ ও ২৭ নভেম্বর ২০১৭ তারিখে দৈনিক পত্রিকায় (বিজ্ঞপ্তি নং-৪৪.০৮.২৬৮০.১০০.৩০.০৩০.১৭.২১২১ তারিখ ১৯ নভেম্বর ২০১৭) প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত প্রতিপালনপূর্বক যথাযথভাবে যাহারা আবেদন করিয়াছিলেন তাহাদের নতুন করে আবেদন করিবার প্রয়োজন নেই।*

এ টি এম রেজাউল হাসান
কমান্ডার বিএন
পর্ষদ সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি